The Financial Express

# Activists call for mapping out green growth model for sustainable development

FE REPORT | Published: June 21, 2021 10:02:16



Illustrative photo

Speakers at a webinar on Sunday said the country needed a right kind of green growth model for its successful transition to sustainable development from a polluting one.

The model should be formulated in consistent with a broad based policy framework involving other policies, they said.

The speakers put forward the suggestion at the webinar titled "Building Back a Greener Bangladesh" hosted jointly by the Policy Research Institute (PRI)

of Bangladesh and the World Bank Group, and moderated by PRI Executive Director Dr Ahsan H. Mansur.

They stressed on the importance of giving more attention to the implementation part as many strategies and policies to promote environment-friendly activities remained unused.

They also suggested introducing policy incentives to all the sectors with ensuring availability of long term financial facility to encourage the private sector moving towards green.

Speaking at the event, energy specialist Professor Dr Mohammad Tamim said the path or the model of development that the country has chosen is a polluting one if the current development activities are taken into consideration.

"We really have to take greener approach, but we do not have the right model. It needs to be developed locally," he added.

Mr Tamim, also former adviser to a caretaker government, said the country had voluntarily declared reduction of carbon emission by 5.0 per cent in line with the Paris Agreement on climate change adopted in 2015.

"We also pledged to reduce another 10 per cent subject to availability of foreign financial and technological support," he said, adding that it is now an obligation for the developed countries to help us taking the green path.

Citing Mujib Climate Prosperity Plan, Professor Emeritus of Brac University Dr Ainun Nishat said it was now being talked about oxygen, hydrogen-based energy generation.

"But where is the technology? There are also talks about the wind power. Where is that wind? (If we) talk about solar energy, where is that space?" he raised the questions.

He said that there were so many strategy documents, but no attention was given to the implementation part.

"There are many knowledgeable persons, but how the recommendations would be translated into actions by the government that is a question," he said.

Managing Director of Apex Footwear Limited Syed Nasim Manzur said the micro and macro policies needed to come together, which is very critical.

He also said that there is a 10 per cent special income tax rate applicable for only green certified buildings in readymade garment industry, which is fantastic.

"But why it is only for the RMG? The revenue board should extend the facility to all sectors," he said.

He said that the lab testing equipment are highly taxed. "Even the catalyst and chemical reagents are taxed at much higher rates than the industrial raw materials. So, we are sending the wrong messages to the companies that want to go green."

Terming long-term financing mechanism essential for the private companies to go for greener production practices, he said the leather industry is one of the highly polluted one, but South Korea dealt it well and developed its industrial backbone around RMG and leather in Busan where the world's most sustainable tanneries are located.

"How did Korea do that? The technology Korea is using costs money. The private firms cannot borrow it by paying 6.0 per cent interest in five-year repayment period," he said.

Mr Manzur called upon the central bank to step in with the development partners to create a fund for lending to the private sector at 1-2 per cent interest rate for 25-year term.

"Otherwise, it will be very hard for the companies to afford it," he added.

PRI vice chairman Dr Sadiq Ahmed said the strategies and policies to fight environmental challenges should not be considered in isolation.

"We need a broad based policy framework involving fiscal policy, trade policy, industrial policy, infrastructure policy, pricing policy, water management policy and so on. There must have right kind of incentive to encourage the entrepreneurs to make the investment in green way."

Former BB Governor Dr Atiur Rahman, PRI Chairman Dr Zaidi Sattar, senior environmental specialist at the World Bank Group Eun Joo Yi, Dr Atiq Rahman, former BUET professor Dr Sarwar Jahan, H&M Country Manager Ziaur Rahman, among others, spoke on the occasion.

jubairfe1980@gmail.com

https://www.thefinancialexpress.com.bd/economy/activists-call-for-mapping-out-green-growth-model-for-sustainable-development-1624248135

The Daily Star
Journalism Without Fear or Favour
12:00 AM, June 21, 2021 / LAST MODIFIED: 01:04 AM, June 21, 2021

# Implement policies efficiently for green growth

***Experts say at PRI, World Bank webinar***

**Star Business Report**

Bangladesh needs to formulate a plan and take appropriate and effective steps to implement it to ensure eco-friendly development, analysts said yesterday.

According to the Sustainable Development Goals, the country can't develop itself economically alone. Bangladesh must advance socially and environmentally based on green technology, they said.

They made the comments at a virtual discussion on "Building back a greener Bangladesh". The Policy Research Institute of Bangladesh (PRI) organised the programme in collaboration with the World Bank Group.

Several master plans, policies and strategies, including the Eighth Five-Year Plan, Delta Plan and Mujib Climate Change Prosperity Plan, have been formulated for the country's development environmentally, said Ainun Nishat, professor emeritus of Brac University.

"But, plans are usually implemented traditionally. That is why we have to pay close attention to the implementation of the projects. The projects have to be implemented transparently."

"Moreover, we have to be careful enough in choosing technology," said Nishat.

Bangladesh's economy should be developed socially and environmentally, and all the social and environmental parameters must be included in the future development plans, speakers said.

The models of the developed countries should not be copied, and Bangladesh needs to draw up its own approach for green development, they said.

Atiur Rahman, a former governor of the Bangladesh Bank, said there should be a body, and the process should start from the finance ministry.

"There should be a green window at the finance ministry, which will take the green finance forward coordinating with all ministries."

He said entrepreneurs were interested and funding was there, but the process of securing funds was not very easy.

"So, the rules should be made easier, and more sectors should get access to the funds," Rahman said, adding that incentives should be given to produce green energy.

PRI Executive Director Ahsan H Mansur moderated the programme, while Eun Joo Yi, senior environment specialist at the WBG, presented a keynote paper.

Mansur said enforcement was critical, and the lack of transparency, particularly with the Department of the Environment, was a serious problem.

"We have to address this issue. As of now, there is no transparency in their inspection reports. We do not know how many factories have been inspected and what the results are."

Community involvement is also important as they should know how much harm has been done, he added.

Highlighting the successful models of Korea and Colombia's green growth, Joo Yi presented a proposed model on "Green Growth Roadmap and Action Plan for Bangladesh".

She also presented a three-year analytical programme in a detailed overview of the Build Back Greener to Green Growth (BBG).

Joo Yi emphasised developing a BBG platform to facilitate dialogue across sectors to refine BBG diagnostics with the government and the World Bank Group's internal teams.

Climate change and pandemic risks are critical factors to address for a greener recovery and green growth in the future, she observed.

Zaidi Sattar, chairman of the PRI; Prof Mohammad Tamim, an energy expert; Sarwar Jahan, a former professor of Bangladesh University of Engineering and Technology; Syed Nasim Manzur, managing director of Apex Footwear; and Ziaur Rahman, country manager of H&M Bangladesh, also spoke.

https://www.thedailystar.net/business/economy/news/implement-policies-efficiently-green-growth-2114961

DhakaTribune

# Incentivize green industries through legal framework, say experts

Tribune Report

- Published at 10:15 pm June 20th, 2021



Photo: BIGSTOCK

## Although several policies have been identified by independent experts, no legal framework exists that enforces the implementation of an ecosystem which empowers a greener trajectory, they say

For a greener and sustainable economy, Bangladesh needs to implement a legal policy framework that not only incentivizes greener industries, but also discourages environmental degradation and holds stakeholders accountable, say experts.

They made the remarks during a virtual panel discussion titled "Build Back a Greener Bangladesh," hosted by the Policy Research Institute (PRI) on Sunday.

Although several policies have been identified by independent experts, no legal framework exists that enforces the implementation of an ecosystem which empowers a greener trajectory, they said.

The discussants added that Bangladesh also needs to identify effective and transparent measuring tools that track progress realistically.

According to Eun Joo Yi, senior environmental specialist at the World bank Group, Bangladesh ranked 162nd out of 180 most polluted countries as per the 2020 Environmental Performance Index (EPI). “This came with an economic loss of approximately $6.5 billion, or 3.4% of the GDP, in Dhaka alone,” Yi added.

Additionally, $1.44 billion, which is 0.7% of the national GDP, was lost because of air and water pollution that nearly caused 20% of all deaths in Bangladesh.

It is also a threat to global competitiveness as the Global Competitiveness Report 2019 identified environmental pollution as a major emerging risk factor for the country, induced by challenges from stricter compliance requirements.

Bangladesh has had significant economic growth, but at the cost of environmental degradation, resulting in negative health effects on the economy and natural capital, the discussants noted.

Hence, they suggested that the nation needs to focus on development that takes social and inclusive green-growth into account.

“At its very inception Bangladesh used to be a greener economy than what it currently is, with 60% of its GDP generated from agriculture in 1972,” said Dr Zaidi Sattar, chairman of PRI.

“But rapid economic growth and industrial shift induced by globalization have had massive environmental impacts,” he added.

Industrialization has been a major factor for environmental degradation, but it is critically bound into the socio-economic aspects of any nation entailing- job creation, financial security and others, the speakers said.

Hence, the industrialization process should be made greener and sustainable, as elimination would induce massive disruptions.

Professor Dr Ainun Nishat, Ainun Nishat is a water resource and climate change specialist, pointed out that to implement expert recommendations of a greener economy, there needs to be an implementable action plan bound by legal framework.

Syed Nasim Manzur, the managing director of Apex Footwear thinks both micro and macro policies need to come together for creating a green economy.

“There is a 10% special income tax rate applicable only for green buildings in RMG which has borne good results. The facility should be extended to all other sectors,” he stated.

Atiur Rahman, former governor of Bangladesh Bank, emphasized incentivizing the dependence of greener and clean energy by overpricing fuel or energy sources that causes environmental degradation and pollution.

https://www.dhakatribune.com/business/2021/06/20/incentivize-green-industries-through-legal-framework-say-experts

TBS Report

20 June, 2021, 09:10 pm

Last modified: 20 June, 2021, 09:21 pm

# Current growth ruining public health, nature: Experts



Representational Image: Collected

**The current economic growth is causing environmental degradation, resulting in negative health impacts and loss of natural resources, experts said.**

Though the country has various policies and rules aimed at protecting the environment, a lack of implementation is a major problem, they said at a webinar on "Building back a greener Bangladesh" organised by the Policy Research Institute of Bangladesh (PRI) in collaboration with the World Bank Group (WBG) on Sunday.

The speakers also pointed out the absence of coordination, monitoring, transparency and accountability in making the rules and policies serve the purpose. They insisted on formulating an environment-friendly green development model for Bangladesh.

Evidence shows that the quality of the environment has deteriorated after the pandemic broke out in the country.

Covid amplified environmental externalities, said Eun Joo Yi, senior environmental specialist at the WBG, adding that the government had introduced a stimulus programme to provide relief and recovery support to industries and households, but it had not considered ensuring green recovery.

The Global Competitiveness Report 2019 identified environmental pollution as a major emerging threat to industrial competitiveness in Bangladesh.

Eun Joo Yi said the inability to enforce environmental safeguards and abate pollution created challenges to meet stricter compliance requirements for domestic and international markets.

She cited South Korea's green stimulus that included mitigation of climate change and energy independence, creating new engines for economic growth and improvement in the quality of life.

Dr Mohammad Tamim, former advisor to the caretaker government of Bangladesh, said the country's success model stood on polluting developmental works.

"It is actually not an easy task for a country like Bangladesh to go green like South Korea as it is the 10th largest economy in the world. We cannot have the models being followed by the developed countries to green up their energy right now."

Bangladesh is committed to green development and its green model has to be developed locally, Tamim said.

Ainun Nishat, professor emeritus of BRAC University, said, "We are not following any greener path. According to our constitution, the country has to be managed in an environmentally sound manner. We have many excellent documents such as strategies, plan, programmes and laws. But is there any implementation or monitoring?"

Dr. Atiur Rahman, former governor of Bangladesh Bank, suggested setting up a "green window" at the finance ministry to initiate green development.

Syed Nasim Manzur, managing director, Apex Footwear Limited, said, "We have a 10% special income tax rate applicable to only green buildings in the RMG sector, which has borne good results as we have seen. NBR [National Board of Revenue] should extend this facility to all sectors."

Dr. Ahsan H. Mansur, executive director at the Policy Research Institute of Bangladesh (PRI), said Bangladesh's economy advanced and would continue to

grow in future but the path of development must be green, environment friendly so that "we can leave a prosperous country to the next generations".

About 24% of the deaths occur due to health problems caused by pollution. "We have to work in coordination with the global communities to avoid such man-made threats. Alongside adaptation to climate change, we have to focus on mitigation by bringing down carbon emission," Ahsan said.

He said that the environment ministry is a weak ministry lacking capacity.

The Department of Environment is responsible for enforcing laws relating to the environment but there is no transparency in preparing the reports of inspection, Ahsan added.

Mizan R Khan, deputy director of the International Centre for Climate Change and Development, said growth without ensuring quality of life was not significant.

https://www.tbsnews.net/bangladesh/current-growth-ruining-public-health-nature-experts-263779

# পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারে আরো সতর্ক হতে হবে

দৈনিক ইত্তেফাক

প্রিন্ট সংস্করণ০০:০০, ২১ জুন, ২০২১ |

## পিআরআইয়ের আলোচনায় বক্তারা

**ইত্তেফাক রিপোর্ট**

বাংলাদেশের উন্নয়নকে পরিবেশবান্ধব করে গড়ে তুলতে হবে। তবে এজন্য প্রযুক্তির ব্যবহারে সতর্ক হতে হবে। উন্নত বিশ্বের প্রযুক্তি বাংলাদেশে ব্যবহার বাড়ানোর প্রয়োজন রয়েছে, এর পাশাপাশি নিজস্ব মডেল দাঁড় করাতে হবে। গতকাল রবিবার ‘বিল্ডিং ব্যাক এ গ্রিন বাংলাদেশ’ শিরোনামে আয়োজিত ভার্চুয়াল আলোচনায় বক্তারা এ কথা বলেন। বিশ্বব্যাংক গ্রুপের সহায়তায় ভার্চুয়াল মাধ্যমে এই আলোচনার আয়োজন করে গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট অব বাংলাদেশ (পিআরআই)। প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুরের সঞ্চালনায় এতে বক্তব্য দেন

পিআরআই চেয়ারম্যান ড. জায়েদি সাত্তার, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা অধ্যাপক ড. ম. তামিম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এমিরেটাস, অধ্যাপক ড. আইনুন নিশাত, পরিবেশবিদ ড. আতিক রহমান, পিআরআইয়ের ভাইস-চেয়ারম্যান ড. সাদিক আহমেদ, এপেক্স ফুটওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মঞ্জুর প্রমুখ। এতে মূল উপস্থাপনা পেশ করেন বিশ্বব্যাংক গ্রুপের জ্যেষ্ঠ পরিবেশবিদ ইউন জো ই।

আহসান এইচ মনসুর বলেন, বাংলাদেশ উন্নয়ন করছে, আরো করবে। এই উন্নয়ন যাতে 'গ্রিন গ্রোথ' হয়, ভবিষ্যত্ প্রজন্মের জন্য পরিবেশবান্ধব হয়, সেই প্রচেষ্টাও থাকতে হবে। বাংলাদেশ বিশ্বের তুলনায় খুব কম কার্বন তৈরি করছে এটা যেমন সত্যি, তেমনি ভবিষ্যতে কার্বন নিঃসারণ কমাতে উন্নত বিশ্বের অভিজ্ঞতাও কাজে লাগাতে হবে।

ড. আতিউর রহমান বলেন, সবুজ প্রবৃদ্ধির জন্য সবুজ বিনিয়োগ প্রয়োজন। ইতিমধ্যে দেশে আন্তর্জাতিক মানের পরিবেশবান্ধব কারখানা গড়ে উঠছে। তবে সবুজ প্রকল্পে বিনিয়োগ অনেকটা স্বল্পমেয়াদি। এজন্য স্বল্পসুদের দীর্ঘমেয়াদি তহবিল গড়ে তুলতে হবে। তাছাড়া সবুজ খাতে বিনিয়োগ নীতিমালা আরো সহজ করতে হবে। অধ্যাপক ম তামিম বলেন, আমাদের গ্রিন গ্রোথের দিকে যেতে হবে; কিন্তু এই কার্যক্রমে প্রযুক্তি ব্যবহারের মডেল আমাদের সামনে নেই। কোরিয়ার মতো অনেক দেশ এক্ষেত্রে ভালো করছে, কিন্তু সেসব দেশের প্রযুক্তি আমাদের এখানকার উপযোগী কি না—সেটাও দেখতে হবে। সবুজ উন্নয়নের জন্য নিজস্ব মডেল দাঁড় করাতে হবে। ড. আইনুন নিশাত বলেন, উন্নয়নের জন্য আমাদের অনেক ভালো ভালো পরিকল্পনা রয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনা, শতবর্ষের ডেলটা পরিকল্পনা, পরিপ্রেক্ষিত পরিকল্পনা রয়েছে। এছাড়া মুজিব ক্লাইমেট চেঞ্জ প্রসপারিটি প্লান হচ্ছে; কিন্তু বাস্তবায়নের সময় আমরা গতানুগতিক ধারায় এগোচ্ছি। ডেলটা পরিকল্পনায় ৮০টি একশন প্ল্যান রয়েছে যার একটিও নতুন নয়। তিনি বলেন, আমি অনেক সরকারি আমলাকে দেখেছি যারা এত ভালো একটি পরিকল্পনার পৃষ্ঠাও উলটিয়ে দেখেনি। উন্নয়নে আমাদের প্রযুক্তি ব্যবহার করতে হবে; কিন্তু এই প্রযুক্তি ব্যবহারে সাবধান হতে হবে।

https://www.ittefaq.com.bd/print-edition/industrial-trade/253292/%E0%A6%AA%E0%A6%B0%E0%A6%BF%E0%A6%AC%E0%A7%87%E0%A6%B6%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%AC-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AF%E0%A7%81%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF-%E0%A6%AC%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%AC%E0%A6%B9%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%86%E0%A6%B0%E0%A7%8B-%E0%A6%B8%E0%A6%A4%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%95-%E0%A6%B9%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87

প্রথম আলো

আলোচনায় বক্তারা

# সবুজ উন্নয়নের পথে এগোতে বাস্তবসম্মত উদ্যোগ দরকার

নিজস্ব প্রতিবেদক
ঢাকা

প্রকাশ: ২০ জুন ২০২১, ১৫: ৩১

এক ভার্চ্যুয়াল আলোচনায় বক্তারা বলেছেন, সবুজ উন্নয়নের পথে বাংলাদেশ অনেকগুলো পরিকল্পনা করেছে। এসব পরিকল্পনা-উদ্যোগকে বাস্তবসম্মত করতে না পারলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) পূরণ করা কঠিন হয়ে যাবে।

আজ রোববার পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) ও বিশ্বব্যাংক গ্রুপ আয়োজিত 'বিল্ড ব্যাক গ্রিনার' শীর্ষক ভার্চ্যুয়াল আলোচনায় বক্তারা এসব কথা বলেন। বক্তারা সরকারের পাশাপাশি বেসরকারি খাতকে সবুজ উন্নয়নের পথে এগোনোর জন্য আহ্বান জানান। এ ক্ষেত্রে পণ্য উৎপাদন থেকে শুরু করে তার ব্যবহার এবং ফেলে দেওয়ার পর তা যাতে পরিবেশের ক্ষতি না করে, সে ব্যাপারে খেয়াল রাখার ওপরে গুরুত্বারোপ করেন তাঁরা।

আলোচনায় মূল প্রবন্ধ তুলে ধরেন বিশ্বব্যাংক গ্রুপের জ্যেষ্ঠ পরিবেশ অর্থনীতিবিদ ইউন জো ওআইই। তিনি দক্ষিণ কোরিয়ার উদাহরণ দিয়ে বলেন, বিশ্বের অনেক উন্নত দেশের মতো দক্ষিণ কোরিয়া সবুজ উন্নয়নের পথে এগোচ্ছে। সেখানে সরকারের সবুজ উন্নয়ন নীতির বাস্তবায়নে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা মোহাম্মদ তামিম বলেন, 'আমাদের জ্বালানি খাতকে কম কার্বন নিঃসরণের পথে এগোনোর কথা বলা হচ্ছে। তবে নবায়নযোগ্য জ্বালানির জন্য যে বাড়তি ব্যয় করতে হবে, তা জোগান দেওয়ার মতো আর্থিক সামর্থ্য আমাদের আছে কি না, সেটি বিবেচনা করতে হবে।'

বাংলাদেশ ব্যাংকের সাবেক গর্ভনর আতিউর রহমান সবুজ উন্নয়ন পরিকল্পনায় অর্থায়নের বিষয়টি গুরুত্ব দেন। তিনি বলেন, 'সেচ, জ্বালানিসহ বিভিন্ন খাতে বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে অর্থায়ন করা হয়েছে। তবে অন্যান্য খাতকেও সবুজ পথে এগোতে হবে। তবে আমরা তৈরি পোশাক খাতকে যেভাবে সবুজ উন্নয়নের জন্য সহযোগিতা দিই, চামড়াশিল্প খাতে সেভাবে দিই না।'

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক আইনুন নিশাত বলেন, 'বাংলাদেশ পরিবেশবান্ধব উন্নয়নের অনেক পরিকল্পনা করেছে। জাতিসংঘের কাছে স্বপ্রণোদিত কার্বন নিঃসরণ কমানোর পরিকল্পনা জমা দিয়েছে। কিন্তু এখানে প্রধানত মনে রাখতে হবে, এসব পরিকল্পনা বাস্তবায়নের মতো আর্থিক সামর্থ্য ও সক্ষমতা আমাদের আছে কি না। ফলে বাস্তবায়ন সম্ভব, এমন পরিকল্পনা আমাদের করতে হবে।'

বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্স স্টাডিজের (বিসিএএস) নির্বাহী পরিচালক আতিক রহমান প্যারিস জলবায়ু চুক্তির প্রসঙ্গ তুলে ধরে বলেন, বাংলাদেশ ওই চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে কীভাবে এগোবে, তার একটি আর্থিক ও বাস্তবায়নযোগ্য পরিকল্পনা দরকার।

অ্যাপেক্স ফুটওয়ারের ব্যবস্থাপনা পরিচালক নাসিম মনজুর বলেন, 'আমরা এলইডি বাল্বকে সবুজ প্রযুক্তি বলছি। দেশে অনেক সবুজ কারখানা গড়ে উঠছে। কিন্তু এসব কারখানা থেকে উৎপাদিত পণ্য কোথায় ফেলা হচ্ছে, সেগুলো পরিবেশের ক্ষতি করছে কি না, তা আমাদের খেয়াল রাখতে হবে।'

আলোচনা সভা সঞ্চালনা করেন পিআরআইয়ের চেয়ারম্যান জায়েদি সাত্তার ও নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর।

https://www.prothomalo.com/bangladesh/environment/%E0%A6%B8%E0%A6%AC%E0%A7%81%E0%A6%9C-%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%AA%E0%A6%A5%E0%A7%87-%E0%A6%8F%E0%A6%97%E0%A7%8B%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%AC%E0%A6%B8%E0%A6%AE%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%A4-%E0%A6%89%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97-%E0%A6%A6%E0%A6%B0%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0

বণিক বার্তা

পিআরআই ও ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপের আলোচনায় বক্তারা

# উন্নয়ন সবুজনির্ভর না হলে টেকসই হবে না

নিজস্ব প্রতিবেদক

জুন ২১, ২০২১

আশির দশকে বাংলাদেশ যখন পথচলা শুরু করে, তখন এর সবকিছুই ছিল সবুজনির্ভর। কারণ ওই সময় জিডিপির ৬০ শতাংশ আসত কৃষি খাত থেকে। সময়ের আবর্তনে কৃষির পরিবর্তে দেশের অর্থনীতিতে শিল্প খাতের অবদান বাড়তে থাকে। এর মাধ্যমে বাংলাদেশ হয়তো দ্রুতগতিতে এগিয়েছে বা এগোচ্ছে, তবে উন্নয়ন কার্যক্রম দ্রুত ও অন্তর্ভুক্তিমূলক হওয়ার পাশাপাশি সবুজনির্ভর হওয়াও জরুরি। কেননা সবুজকে বাদ দিয়ে করা উন্নয়ন সাময়িক সুবিধা দিলেও মানুষ ও সমাজকে দীর্ঘমেয়াদি ক্ষতির ঝুঁকিতে ফেলে। সাম্প্রতিক বছরগুলোতে সবুজ উন্নয়নের পথে বাংলাদেশ অনেকগুলো পরিকল্পনাও নিয়েছে। তবে এসব পরিকল্পনা বা উদ্যোগ বাস্তবায়ন করা না গেলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) পূরণ করা কঠিন হয়ে পড়বে।

গতকাল 'বিল্ডিং ব্যাক আ গ্রিনার বাংলাদেশ' শীর্ষক এক ভার্চুয়াল আলোচনায় বক্তারা এসব কথা বলেন। পলিসি রিসার্চ ইনস্টিটিউট অব বাংলাদেশ (পিআরআই) ও ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ (ডব্লিউবিজি) যৌথভাবে এ আলোচনার আয়োজন করে।

অনুষ্ঠানে বক্তব্য দেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর আতিউর রহমান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক আইনুন নিশাত, বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্স স্টাডিজের (বিসিএএস) নির্বাহী পরিচালক আতিক রহমান ও এপেক্স ফুটওয়্যারের ব্যবস্থাপনা পরিচালক নাসিম মনজুর। আলোচনায় মূল প্রবন্ধ তুলে ধরেন বিশ্বব্যাংক গ্রুপের জ্যেষ্ঠ পরিবেশ অর্থনীতিবিদ ইউন জো ওআইই।

আলোচনা সভায় সঞ্চালনা করেন পিআরআইয়ের চেয়ারম্যান জায়েদি সাত্তার ও নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর।

https://bonikbarta.net/home/news_description/266834/%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8-%E0%A6%B8%E0%A6%AC%E0%A7%81%E0%A6%9C%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AD%E0%A6%B0-%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%B9%E0%A6%B2%E0%A7%87-%E0%A6%9F%E0%A7%87%E0%A6%95%E0%A6%B8%E0%A6%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BE

কালের কণ্ঠ

পিআরআইয়ের ভার্চুয়াল সেমিনারে বক্তারা

# সবুজ অর্থায়নের প্রসারে সমন্বয় কর্তৃপক্ষ দরকার

**নিজস্ব প্রতিবেদক**

২১ জুন, ২০২১ ০০:০০ | পড়া যাবে ৩ মিনিটে




দেশের উন্নয়নপ্রক্রিয়াকে আরো পরিবেশবান্ধব ও টেকসই করতে শুধু অর্থনৈতিকভাবে উন্নত হলেই হবে না। এ জন্য সামাজিকভাবেও গ্রহণযোগ্য হতে হবে। জোর দিতে হবে পরিবেশগত উন্নয়নে। কিন্তু এতে প্রয়োজনীয় অর্থায়নের সুযোগ থাকলেও চাহিদা কম। সে জন্য সব খাতকে সমন্বয় করে প্রণোদনা দেওয়া গেলে প্রয়োজনীয় সাড়া পাওয়া যাবে বলে মনে করেন অর্থনৈতিক বিশ্লেষকরা। এতে অর্থ মন্ত্রণালয় প্রয়োজনে প্রধান ভূমিকা রাখতে পারে বলেও মনে করেন তাঁরা। গতকাল রবিবার ‘বিল্ডিং ব্যাক এ গ্রিনার বাংলাদেশ’ বিষয়ে ভার্চুয়াল সেমিনারে বক্তারা এসব কথা বলেন। বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট অব বাংলাদেশ (পিআরআই) ও বিশ্বব্যাংক গ্রুপ যৌথভাবে এই ভার্চুয়াল সেমিনারের আয়োজন করে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্বব্যাংক গ্রুপে জ্যেষ্ঠ পরিবেশ বিশেষজ্ঞ অংজু ওয়াই।

অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান বলেন, ‘সবুজ অর্থায়নকে সহজ করতে এসংক্রান্ত আইনি জটিলতা কমিয়ে আনতে হবে। এটি হবে দীর্ঘমেয়াদি এবং কম সুদে।’

তিনি আরো বলেন, “বাংলাদেশ ব্যাংক প্রথম দিকে শুধু তৈরি পোশাক খাতকে প্রাধ্যান্য দিলেও এখন ৫২টির বেশি খাতে সবুজ অর্থায়ন করে থাকে। প্রথমে ভুল করলেও ভুল থেকে সংশোধন হই। একই সঙ্গে বড় আকারে কাজ করতে থাকি। এ জন্য একটি সমন্বয় কর্তৃপক্ষ দরকার। এটি শুরু হতে পারে অর্থ মন্ত্রণালয় থেকে। এই মন্ত্রণালয়ে একটি ‘গ্রিন ইউনডো’ থাকা উচিত। তারা সব মন্ত্রণালয়কে সমন্বিত করে সবুজ অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবে।”

অনুষ্ঠানে বক্তারা আরো বলেন, ‘টেকসই উন্নয়নে ১৭টি লক্ষ্যমাত্রা আছে। সেই অনুসারে প্রতিটি দেশকে শুধু অর্থনৈতিকভাবে উন্নত হলেই হবে না, এটিকে সামাজিকভাবেও গ্রহণযোগ্য হতে হবে। পরিবেশগত দিক থেকেও উন্নত হতে হবে। এই কোরিয়াসহ বিশ্বের অনেক দেশ কাজ করেছে। সেই হিসেবে কোরিয়ার মডেল থেকে অনুসরণ করে বাংলাদেশ তার নিজস্ব বাস্তবতার আলোকে কিভাবে লক্ষ্যে পৌঁছতে পারে, এ বিষয়টি আলোচনায় উঠে আসে।’

এ সময় অধ্যাপক ড. আইনুন নিশাত বলেন, “প্রযুক্তি নির্বাচনেও বাংলাদেশকে যথেষ্ট সাবধান হতে হবে। এরই মধ্যে যেসব মাস্টারপ্ল্যান হয়েছে, যেমন—অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, ডেল্টা প্ল্যান এবং আরো একটি পরিকল্পনা তৈরি হচ্ছে, সেটি হলো ‘মুজিব ক্লাইমেট চেঞ্জ প্রসপারিটি প্ল্যান’।”

তিনি বলেন, ‘অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি সামগ্রিকভাবে সম্পদের সুষম বন্টনসহ পরিবেশগত শুধু জলাভূমি বা বনভূমি রক্ষা নয়, সব মানদণ্ডকে পরিকল্পিতভাবে ভবিষ্যতের উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে সুচারু বাস্তবায়ন করতে হবে, যে কাজটি কোরিয়া করেছে। সেই আলোকে বাংলাদেশের বাস্তবতায় করতে চাই।’

পিআরআইয়ের চেয়ারম্যান ড. জায়েদি সাত্তারের সভাপতিত্বে এতে আরো বক্তব্য দেন ড. আহসান এইচ মনসুর, ড. ম তামিম, ড. সাদিক আহমেদ ও ড. আতিক রহমান।

https://www.kalerkantho.com/print-edition/industry-business/2021/06/21/1045206

## পিআরআইর ওয়েবিনারে বক্তারা

## টেকসই উন্নয়নে পরিবেশবান্ধব প্রবৃদ্ধির বিকল্প নেই

## চ্যালেঞ্জ মোকাবিলায় সমন্বিত উদ্যোগ দরকার

যুগান্তর প্রতিবেদন

২১ জুন ২০২১, ১২:০০ এএম | প্রিন্ট সংস্করণ

‘শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধিই শেষ কথা নয়, টেকসই উন্নয়নের জন্য পরিবেশবান্ধব প্রবৃদ্ধির বিকল্প নেই। এজন্য সবুজ প্রবৃদ্ধি অর্জনে সব পক্ষকেই সমন্বিতভাবে কাজ করতে হবে।’ রোববার ‘বিল্ডিং ব্যাক এ গ্রিনার বাংলাদেশ’- শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন। পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) এবং বিশ্বব্যাংক গ্রুপ যৌথভাবে আলোচনা সভার আয়োজন করে। এতে সঞ্চালকের দায়িত্ব পালন করেন পিআরআইর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্বব্যাংক গ্রুপের সিনিয়র ইনভারমেন্টাল স্পেশালিস্ট ইউন ঝু আই। বক্তব্য দেন, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা প্রফেসর ম. তামিম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আইনুনন নিশাত, বিসিএএসের নির্বাহী পরিচালক ড. আতিক রহমান, অ্যাপেক্স ফুটওয়্যার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মঞ্জুর, পিআরআইর চেয়ারম্যান ড. জাইদী ছাত্তার, ভাইস প্রেসিডেন্ট সাদেক আহমেদ প্রমুখ।

মূল প্রবন্ধে ইউন ঝু আই বলেন, জলবায়ু পরিবর্তন এবং করোনাভাইরাস মহামারির ঝুঁকিতে রয়েছে প্রবৃদ্ধি (মোট দেশজ উৎপাদন)। এজন্য শিল্প ও মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনাসহ কার্বন নিঃসরণ কমানোর মতো প্রযুক্তি ব্যবহার জরুরি। করোনা মহামারির ক্ষতি পুষিয়ে ওঠার অন্যতম পথ হতে পারে সবুজ প্রবৃদ্ধি অর্জনে সর্বাধিক গুরুত্ব দেওয়া। এক্ষেত্রে কোরিয়া একটি উদাহরণ হতে পারে।

কোরিয়া যেভাবে গ্রিন গ্রোথ করছে সেই মডেল কাজে লাগানো যেতে পারে। কোরিয়া প্রণোদনা দেওয়ার মাধ্যমে সবুজ প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে গেছে। তিনি বলেন, বেসরকারি খাত উন্নত প্রযুক্তি ব্যবহারের মধ্য দিয়ে উৎপাদন ব্যবস্থার উন্নয়ন ঘটানোর পাশাপাশি পরিবেশ রক্ষা করতে পারে। এছাড়া কলম্বিয়ার উদাহরণও বাংলাদেশ কাজে লাগাতে পারে।

প্রফেসর ম. তামিম বলেন, আমাদের দেশে সামাজিক বনায়ন সফল হয়েছে। সরকার যে ব-দ্বীপ পরিকল্পনা করেছে সেটির বাস্তবায়ন জরুরি। এছাড়া নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়াতে হবে। প্রত্যেক দেশের অভিজ্ঞতা এক নয়। তাই এ দেশের নিজস্ব পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে গ্রিন গ্রোথ নিশ্চিত করতে হবে।

ড. আতিউর রহমান বলেন, সত্যিকারের অর্থনৈতিক উন্নয়ন চাইলে সবুজ প্রবৃদ্ধির বিকল্প নেই। এখন সব কিছুই ডিজিটালাইজড হচ্ছে। কিন্তু সেটি হওয়া উচিত গ্রিন ডিজিটালাইজড। জলবায়ু পরিবর্তন ঠেকাতে প্যারিস চুক্তির বাস্তবায়ন জরুরি। যদিও দুঃখজনক হলেও সত্যি যে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প সেটি থেকে বেরিয়ে এসেছিলেন। কিন্তু এখন আবার ফিরে আসার প্রক্রিয়া চলছে। তিনি বলেন, কোভিড-১৯ আমাদের দেশের প্রবৃদ্ধির গতিকে ধীর করে দিয়েছে। আমাদের ভাবতে হবে পরিবেশকে রক্ষা করেই সবকিছু করতে হবে। সুন্দরবন ধ্বংস করে অবকাঠামো করা যাবে না। বেসরকারি খাত থেকে ৮০ ভাগ বিনিয়োগ আসা উচিত। অবকাঠামো তৈরির ক্ষেত্রে পরিবেশকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। প্রধানমন্ত্রী নিজেও চান সবুজ রক্ষা করেই সবকিছু করা হোক। আর্থিক প্রতিষ্ঠানগুলোর দক্ষতা বাড়াতে হবে।

ড. জাইদী সাত্তার বলেন, দেশে প্রবৃদ্ধি হচ্ছে। তবে চ্যালেঞ্জ হলো এ প্রবৃদ্ধিকে পরিবেশবান্ধব করা। ১৯৭২ সালে সবুজকে সঙ্গে নিয়েই শুরু হয়েছিল এদেশের অর্থনৈতিক যাত্রা। কিন্তু দিনে দিনে অর্থনৈতিক উন্নয়ন হলেও সবুজ কমেছে। দেশকে এগিয়ে নিতে প্রবৃদ্ধি বড় বিষয়, কিন্তু একই সঙ্গে পরিবেশ রক্ষাও জরুরি। শিল্প ও যানবাহন কার্বন নিঃসরণের জন্য বেশিরভাগই দায়ী। জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে গ্রিন প্রবৃদ্ধির ক্ষেত্রে চ্যালেঞ্জকে বাড়িয়ে দিয়েছে। বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় জিডিপির বড় অংশ ব্যয় হবে। বাংলাদেশও পরিবেশ সংক্রান্ত ব্যয় বৃদ্ধির আশঙ্কা আছে। এজন্য র‌্যাপিড, ইনক্লুসিভ ও গ্রিন প্রবৃদ্ধির বিকল্প নেই।

ড. আহসান এইচ মনসুর বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি হচ্ছে। কিন্তু অন্যতম প্রধান ইস্যু হলো সবুজায়ন। পরিবেশ বাঁচিয়ে প্রবৃদ্ধি করতে হবে। এক্ষেত্রে সরকার, সুশীল সমাজ, গণমাধ্যম সবার সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন। পরিবশেকে বাদ দিয়ে প্রবৃদ্ধি কখনও টেকসই হবে না।

প্রফেসর ড. আইনুনন নিশাত বলেন, পরিবেশ রক্ষায় দেশে অনেক নীতিমালা আছে। কিন্তু সেগুলোর কার্যকর বাস্তবায়ন হয় না। এক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি ও তদারকি বাড়ানো দরকার। সেই সঙ্গে আমাদের সম্পদের সীমাবদ্ধতাও রয়েছে। তাই সম্পদের কার্যকর ব্যবহার করতে হবে।

https://www.jugantor.com/todays-paper/city/433988/%E0%A6%9F%E0%A7%87%E0%A6%95%E0%A6%B8%E0%A6%87-%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8%E0%A7%87-%E0%A6%AA%E0%A6%B0%E0%A6%BF%E0%A6%AC%E0%A7%87%E0%A6%B6%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%AC-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AC%E0%A7%83%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%BF%E0%A6%B0-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%95%E0%A6%B2%E0%A7%8D%E0%A6%AA-%E0%A6%A8%E0%A7%87%E0%A6%87

সমকাল

# উন্নয়ন হতে হবে পরিবেশবান্ধব

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২১ জুন ২১ । ০০:০০




ঢাকায় শতকোটি টাকা মূল্যের অনেক বাড়ি যেমন আছে, তেমনি বাড়িগুলোর আশপাশে জীবাণুবাহী মশাও আছে। শতকোটি টাকার বাড়িগুলো দেশ এগিয়ে যাওয়ার ইঙ্গিত দেয়। আর মশাগুলো পেছনের সারিতে থাকার নির্দেশক। শুধু জিডিপি প্রবৃদ্ধির হিসাব দিয়ে উন্নয়ন বোঝালে হবে না। নাগরিকদের জীবন যাপনের সকল পর্যায়ে উন্নয়নের ছোঁয়া থাকতে হবে। পুরো উন্নয়ন প্রক্রিয়া হতে হবে পরিবেশবান্ধব। যেখানে পানি ও বায়ু দূষণ থাকবে না। বর্জ্য ব্যবস্থাপনার আধুনিক হতে হবে। এজন্য প্রয়োজনীয় বিনিয়োগ ও নীতি সহায়তা দিতে হবে সরকারকে। নতুবা উন্নয়ন টেকসই হবে না।

বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত 'সবুজ বাংলাদেশ বিনির্মাণে ফেরা' শীর্ষক ওয়েবিনারে এমন মতামত তুলে ধরেন বক্তারা।

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান বলেন, বাংলাদেশে বড় সমস্যা সমন্বয়ের অভাব। রাজস্ব নীতিতে তৈরি পোশাক খাতের গ্রিন ফ্যাক্টরিকে সুবিধা দেওয়া হলেও চামড়া খাতে তা নেই। এদিকে বাংলাদেশ ব্যাংক ৫২ খাতে সবুজ অর্থায়ন করছে। তিনি বলেন, পরিবেশবান্ধব কার্যক্রম বাড়ানোর জন্য অর্থায়ন ও নীতিসহায়তা বাড়াতে হবে। এজন্য অর্থ মন্ত্রণালয়ে একটি বিশেষ সেল করা যেতে পারে, যারা সব উদ্যোগের সমন্বয় করবে। তিনি গ্রিন ট্রান্সমিশন ফান্ড

থেকে অর্থায়ন আরও সহজ করার পরামর্শ দেন।

শিল্পের প্রযুক্তি নির্বাচনে আরও সতর্ক হওয়ার প্রয়োজন বলে মত দেন পানি ও পরিবেশ বিশেষজ্ঞ অধ্যাপক আইনুন নিশাত। তিনি বলেন, শুধু নদী ও গাছগাছালি রক্ষা মানেই পরিবেশ রক্ষা নয়। কম কার্বন নিঃসরণ প্রযুক্তি ব্যবহার, বর্জ্য ব্যবস্থাপনা ও পুনর্ব্যবহার এসব বিষয়ে স্থানীয় উদ্যোগ দরকার।

পিআরআইর নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, মানবসৃষ্ট অনেক কারণে পরিবেশের ক্ষতি হচ্ছে। কিন্তু মানুষ যাতে পরিবেশের ক্ষতি করতে না পারে সেজন্য অনেক আইন, বিধিবিধান রয়েছে। কিন্তু সেগুলো ঠিকমতো বাস্তবায়ন হচ্ছে না। তিনি বলেন, দেশ এগোচ্ছে। কিন্তু অগ্রগতির মান ঠিক আছে কিনা ও তা টেকসই হচ্ছে কিনা, তা নিয়ে প্রশ্ন রয়েছে। ঢাকায় অনেক বাড়ি আছে যার মূল্য শতকোটি টাকা বা তার বেশি। কিন্তু সেখানে মশা আছে। আছে অন্যান্য সমস্যা। এজন্য শুধু জিডিপির হিসাব দিয়ে উন্নয়ন বোঝালে হবে না, নাগরিক জীবনমান উন্নত করতে হবে।

বুয়েটের সাবেক শিক্ষক অধ্যাপক সারওয়ার জাহান বলেন, অনেক নীতিমালা থাকলেও সমন্বিত নগর উন্নয়ন নীতিমালা নেই। পরিবেশ রক্ষায় এ ধরনের নীতিমালা দরকার। গণপরিবহন ব্যবস্থা উন্নত করতে হবে।

শিল্পে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে অ্যাপেক্স ফুটওয়্যারের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মঞ্জুর বলেন, এজন্য কর প্রণোদনাসহ অন্যান্য নীতি সহায়তা দরকার।

এইচ অ্যান্ড এমের কান্ট্রি ম্যানেজার জিয়াউর রহমান বলেন, পরিবেশবান্ধব মানে শুধু নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার নয়। কী পানি কতটা ব্যবহার করা যাবে, কোন ধরনের রাসায়নিক ব্যবহার যাবে, বর্জ্য ব্যবস্থাপনা কেমন হবে এসব বিষয়ে নীতিমালা দরকার।

পিআরআইর চেয়ারম্যান ড, জায়েদি সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে আরও বক্তব্য দেন পিআরআইর ভাইস চেয়ারম্যান ড. সাদিক আহমেদ, বিসিএএসের নির্বাহী পরিচালক আতিক রহমান, পিআরআইর সিনিয়র ফেলো হাসান মঈনুদ্দিন, আইসিসিএডির উপপরিচালক মিজান আর খান প্রমুখ। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্বব্যাংক গ্রুপের সিনিয়র পরিবেশ বিশেষজ্ঞ ইয়ুন জু উই।

https://samakal.com/todays-print-edition/tp-industry-trade/article/2106105163/%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8-%E0%A6%B9%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87-%E0%A6%AA%E0%A6%B0%E0%A6%BF%E0%A6%AC%E0%A7%87%E0%A6%B6%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%AC

নয়া দিগন্ত

ওয়েবিনারে বিশেষজ্ঞরা

# প্রযুক্তির ব্যবহারে সতর্ক হতে হবে

অর্থনৈতিক প্রতিবেদক

২১ জুন ২০২১, ০০:৪২

---

বাংলাদেশের উন্নয়নকে পরিবেশবান্ধব করে গড়ে তুলতে হবে। তবে এ জন্য প্রযুক্তির ব্যবহারে সতর্ক হতে হবে। উন্নত বিশ্বের প্রযুক্তি বাংলাদেশে ব্যবহার বাড়ানোর প্রয়োজন রয়েছে, এর পাশাপাশি নিজস্ব মডেল দাঁড় করাতে হবে বলে মন্তব্য করেছেন অর্থনীতিবিদ ও বিশিষ্টজনরা। তারা বলেন, উন্নয়নের জন্য আমাদের অনেক ভালো ভালো পরিকল্পনা রয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনা, শতবর্ষের ডেল্টা পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্প রয়েছে। এ ছাড়া মুজিব ক্লাইমেট চেঞ্জ প্রসপারিটি প্লান হচ্ছে। কিন্তু বাস্তবায়নের সময় আমরা গতানুগতিক ধারায় এগোচ্ছি।

'বিল্ডিং ব্যাক এ গ্রিন বাংলাদেশ' শিরোনামে গতকাল আয়োজিত এক ভার্চুয়াল আলোচনায় বক্তারা এ কথা বলেন। বিশ্বব্যাংক গ্রুপের সহায়তায় ভার্চুয়াল মাধ্যমে এই আলোচনার আয়োজন করে গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট অব বাংলাদেশ (পিআরআই)। প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুরের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন পিআরআই চেয়ারম্যান ড. জায়েদি সাত্তার, তত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা অধ্যাপক ড. ম. তামিম, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এমিরেটাস, অধ্যাপক ড. আইনুন নিশাত, পরিবেশবিদ ড. আতিক রহমান, পিআরআইয়ের ভাইস চেয়ারম্যান ড. সাদিক আহমেদ, এপেক্স ফুটওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মঞ্জুর প্রমুখ। এতে মূল তুলে ধরেন বিশ্বব্যাংক গ্রুপের জ্যেষ্ঠ পরিবেশবিদ ইউন জো ই।

আহসান এইচ মনসুর বলেন, বাংলাদেশ উন্নয়ন করছে, আরো করবে। এই উন্নয়ন যাতে 'গ্রিন গ্রোথ' হয়, ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশবান্ধব হয় সেই প্রচেষ্টাও থাকতে হবে। বাংলাদেশ বিশ্বের চেয়ে খুব কম কার্বন তৈরি করছে এটি যেমন সত্যি, তেমনি ভবিষ্যতে কার্বন নিঃসরণ কমাতে উন্নত বিশ্বের অভিজ্ঞতাও কাজে লাগাতে হবে।

ড. আতিউর রহমান বলেন, সবুজ প্রবৃদ্ধির জন্য সবুজ বিনিয়োগ প্রয়োজন। ইতোমধ্যে দেশে আন্তর্জাতিক মানের পরিবেশবান্ধব কারখানা গড়ে উঠছে। তবে সবুজ প্রকল্পে বিনিয়োগ অনেকটি স্বল্পমেয়াদি। এ জন্য স্বল্প সুদের দীর্ঘমেয়াদি তহবিল গড়ে তুলতে হবে। তা ছাড়া সবুজ খাতে বিনিয়োগ নীতিমালা আরো সহজ করতে হবে।

অধ্যাপক ম তামিম বলেন, আমাদের গ্রিন গ্রোথের দিকে যেতে হবে। কিন্তু এই কার্যক্রমে প্রযুক্তি ব্যবহারের মডেল আমাদের সামনে নেই। কোরিয়ার মতো অনেক দেশ এ ক্ষেত্রে ভালো করছে, কিন্তু সেসব দেশের প্রযুক্তি আমাদের এখানকার উপযোগী কি না সেটিও দেখতে হবে। সবুজ উন্নয়নের জন্য নিজস্ব মডেল দাঁড় করাতে হবে।

ড. আইনুন নিশাত বলেন, উন্নয়নের জন্য আমাদের অনেক ভালো ভালো পরিকল্পনা রয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনা, শতবর্ষের ডেল্টা পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্প রয়েছে। এ ছাড়া মুজিব ক্লাইমেট চেঞ্জ প্রসপারিটি প্লান হচ্ছে। কিন্তু বাস্তবায়নের সময় আমরা গতানুগতিক ধারায় এগোচ্ছি। ডেল্টা পরিকল্পনায় ৮০টি অ্যাকশন প্লান রয়েছে, যার একটিও নতুন নয়। তিনি বলেন, আমি অনেক সরকারি আমলাকে দেখেছি যারা এত ভালো একটি পরিকল্পনার পৃষ্ঠাও উল্টিয়ে দেখেনি। উন্নয়নে আমাদের প্রযুক্তি ব্যবহার করতে হবে, কিন্তু এই প্রযুক্তি ব্যবহারে সাবধান হতে হবে।

https://www.dailynayadiganta.com/last-page/589579/%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AF%E0%A7%81%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%B0-%E0%A6%AC%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%AC%E0%A6%B9%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%B8%E0%A6%A4%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%95-%E0%A6%B9%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87